# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-04-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) যোগ্য ও অযোগ্যদের তালিকা প্রকাশের দাবিতে চাকরিহারা শিক্ষকদের তুমুল বিক্ষোভে ধুন্দুমার পরিস্থিতি বিধাননগর এসএসসি ভবনের সামনে।

প্রাথমিকে ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল মামলায় আগামী ২৮-শে এপ্রিল থেকে শুনানি শুরু।

২) সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে হিংসার ঘটনার পরিপ্রেক্ষিতে মুর্শিদাবাদ সহ রাজ্যের কয়েকটি এলাকায় ৩৫৫ ধারা জারির আর্জিতে সুপ্রিম কোর্ট কোন রকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে।

৩) নিরবচ্ছিন্ন বিদ্যুত্ পরিষেবা দিতে রাজ্য সরকার আগামী কয়েক বছরের মধ্যে ১৮ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়েছে।

৪) হাওড়ার ডোমজুড়ে ওএনজিসি-র একটি কারখানা ও তার লাগোয়া গুদামে বিধ্বংসী আগুন।

৫) ইডেনে আজ আই পি এল ক্রিকেট ম্যাচে কলকাতা নাইট রাইডার্স গুজরাট টাইটান্সের মুখোমুখি হয়েছে।

oooooooooooooooooooooo

যোগ্য ও অযোগ্যদের তালিকা প্রকাশের দাবিতে চাকরিহারা শিক্ষকদের তুমুল বিক্ষোভে ধুন্দুমার পরিস্থিতি বিধাননগর এসএসসি ভবনের সামনে।

বিপুল সংখ্যক চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীরা এসএসসি ভবনের ভেতর ঢুকতে গেলে তাদের বাধা দেয় পুলিশ । এই নিয়ে দেখা দেয় উত্তেজনা। বিক্ষোভের জেরে অবরুদ্ধ হয়ে পড়ে  করুণাময়ী মোড় ও সংলগ্ন এলাকা। পুলিশ পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করছে।

চাকরিহারা শিক্ষকদের দাবি, যোগ্য ও অযোগ্যদের তালিকা আজই প্রকাশ করা হবে বলে স্কুল সার্ভিস কমিশন জানিয়েছিল। কিন্তু সন্ধে পেরিয়ে গেলেও তা প্রকাশিত হয়নি।

এরই মধ্যে আন্দোলনকারীদের প্রতিনিধি দলের সঙ্গে এসএসসি কর্তৃপক্ষের আলোচনা হয়, কিন্তু তাতেও কোন সদ্যর্থক আশা না মেলায় বিক্ষোভ তুমুল আকার নেয়।

মধ্যশিক্ষা পর্ষদের কার্যালয় ডিরোজিও ভবনের সামনেও বিক্ষোভ দেখাতে থাকেন তাঁরা।

oooooooooooooooooooooo

এসএসসির চাকরি বাতিল মামলায় চিহ্নিত অযোগ্য অথবা দূর্নীতিগ্রস্তদের বেতন ফেরত দেওয়ার বিষয়ে সুপ্রিমকোর্টের নির্দেশের পর রাজ্য সরকার কি পদক্ষেপ করছে কলকাতা হাইকোর্ট তা জানতে চেয়েছে। এবিষয়ে কলকাতা হাইকোর্টের নির্দেশ সুপ্রিমকোর্টও বহাল রেখেছে। রাজ্য সরকার ওই নির্দেশ এখনো কার্যকর না করায় কলকাতা হাইকোর্টে একটি আদালত অবমাননার মামলাও দায়ের হয়েছে। মামলকারিদের অভিযোগ, অযোগ্য বলে চিহ্নিত হওয়ার পরও কয়েকজন বেতন ফেরত দেননি।উলটে তারা বেতন নিচ্ছেন।

আজ ওই মামলার শুনানিতে দুই বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি শব্বার রাশিদির ডিভিশন বেঞ্চ রাজ্যের কাছে  অযোগ্যদের বেতন ফেরতের ব্যাপারে গৃহীত পদক্ষেপ নিয়ে তথ্য তলব করেছে। রাজ্যের আইনজীবী তথ্য দিতে আদালতের কাছে

দুদিন সময় চেয়ে নেন। আদালত তা মঞ্জুর করেছে। আগামী বুধবার মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০

এসএসসি নিয়োগ দূর্নীতির বিরুদ্ধে ও ওয়াকফ ইস্যুতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগের দাবিতে আজ শিলিগুড়ির হাসমি চকে পোস্টার হাতে প্রতিবাদে সামিল হন অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের সদস্যরা। মুখ্যমন্ত্রীর কুশপুতুলিকা দাহ করতে গেলে পুলিশের সঙ্গে ধস্তাধস্তিতে জড়িয়ে পরেন এবিভিপির কর্মী-সমর্থকরা। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

পাশাপাশি ওই একই ইস্যুতে উত্তর চব্বিশ পরগনার বারাসাতেও পথে নামে এবিভিপি। বারাসাত স্টেশন থেকে মিছিল শুরু হয়ে জেলাশাসকের দফতরের সামনে আসতেই পুলিশ মিছিল আটকে দেয়। পরে চার সদস্যের একটি প্রতিনিধি দল জেলাশাসকের কাছে স্মারকলিপি পেশ করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্টে প্রাথমিকে ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিল মামলার শুনানি হবে আগামী ২৮ এপ্রিল থেকে। বিচারপতি তপোব্রত চক্রবর্ত্তীর ডিভিশন বেঞ্চ এই মামলা শুনবে। মামলাকারীদের তরফে আজ বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করা হলে বিচারপতি একথা জানান। এর আগে দুই বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাস-দের ডিভিশন বেঞ্চে মামলার শুনানি থাকলেও বেঞ্চ মামলাটি না শুনে ছেড়ে দেন। তারপরই প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি তপব্রত চক্রবর্ত্তীর বেঞ্চে মামলাটি পাঠিয়ে দেয়।

উল্লেখ্য, গত বছর ১২ মে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ৩২ হাজার কর্মরত প্রাথমিক শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করার নির্দেশ দেন। কিন্তু সেই নির্দেশের বিরুদ্ধে বিচারপতি সুব্রত তালুকদার এবং বিচারপতি সুপ্রতীম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ জারি করেন।

২০১৪ সালের  টেট পরীক্ষার ভিত্তিতে ২০১৬ সালে প্রায় ৪৩ হাজার শিক্ষক নিয়োগ করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। কিন্তু নিয়োগে একাধিক গলদ রয়েছে বলে দাবি করে হাইকোর্টের দ্বারস্থ হন সুপর্ণা  নস্কর নামে এক প্রার্থী সহ প্রায় ১৪০ জন। সেই মামলাতেই প্রাক্তন  বিচারপতি চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০

সাম্প্রতিক ওয়াকফ বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে মুর্শিদাবাদ সহ রাজ্যের কয়েকটি এলাকায় হিংসার ঘটনার প্রেক্ষিতে রাজ্যে ৩৫৫ ধারা জারি করে আধা সামরিক বাহিনী মোতায়েনের আর্জিতে সুপ্রিমকোর্ট কোনো রকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে। আজ সুপ্রিম কোর্টের দুই বিচারপতি বিআর গাভাই এবং অগাস্টিন জর্জ মসিহর বেঞ্চের কাছে মামলাটি দ্রুত শুনানির জন্য পেশ করা হয়। মামলাকারীর আবেদনের শুনানিতে বিচারপতি গাভাই বলেন ইতিমধ্যেই বিচার ব্যবস্থার বিরুদ্ধে সংসদীয় এবং প্রশাসনিক ক্ষেত্রে হস্তক্ষেপ করার অভিযোগ উঠেছে।

উল্লেখ্য, সাম্প্রতিক এক মামলায় সুপ্রিম কোর্ট বিধানসভায় পাশ হওয়া বিলে ৩ মাসের মধ্যে রাজ্যপাল ও রাষ্ট্রপতির অনুমোদন দেওয়া বাধ্যতামূলক করে। যার পরিপ্রেক্ষিতে উপরাষ্ট্রপতি, রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় ওই রায়ের কড়া নিন্দা করেন। এই কারণেই সুপ্রিম কোর্টের এই মন্তব্য  বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সামশেরগঞ্জের হিংসাকবলিত গ্রামগুলি পরিদর্শন করেন। দুপুর তিনি রতনপুর মোড় লাগোয়া উপদ্রুত গ্রামগুলিতে পৌঁছলে আক্রান্তরা তাঁকে ঘিরে এন আই এ তদন্তে দাবিতে সরব হন। সুকান্তবাবু এলাকায় বিএসএফ মোতায়েন এবং সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে কেন্দ্রের কাছে রিপোর্ট পাঠাবেন বলে আশ্বস্ত করেন।

সামশেরগঞ্জে হিংসার ঘটনায় রাজ্য সরকারের সমালোচনা করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করে তিনি আক্রান্তদের দাবি লিখিত আকারে তাঁর কাছে

পেশ করবেন। পরে শ্রী মজুমদার জাফরাবাদে, নিহত বাবা ও ছেলে বাড়িতে যান। দীর্ঘক্ষণ কথা বলেন পরিবারের সদস্যদের সঙ্গে। নিহতদের পরিবারের পক্ষেও স্থায়ী বি এস এফ ক্যাম্পের দাবি জানালে তিনি বলেন, ইচ্ছুক জমিদাতা থাকলেও – এক্ষেত্রে রাজ্যের অনুমতি প্রয়োজন। তিনি এন আই এ তদন্তের দাবিও জানান।

(বাইট – সুকান্ত)

এদিকে, সামশেরগঞ্জের বাসিন্দাদের প্রশাসন জোর করে ঘরে ফেরাচ্ছে বলে কংগ্রেস নেতা অধীর চৌধুরী অভিযোগ করেছেন। তিনি আজ সাংবাদিকদের বলেন, আক্রান্তদের ঘরবাড়ি ঠিক নেই, তবুও প্রশাসন গায়ের জোরে তাদের বাড়ি ফিরিয়ে দিতে চাইছে। আক্রান্তদের যারা আশ্রয় দিয়েছিল, তাদের ওপরেও পুলিশ অত্যাচার চালাচ্ছে বলে অধীরবাবুর দাবি।

(বাইট – অধীর)

অন্যদিকে, রাজ্যে গণতন্ত্র আছে বলেই বিরোধী নেতারা মুর্শিদাবাদে যেতে পারছেন বলে তৃণমূল কংগ্রেস দাবি করেছে। দলের সাধারণ সম্পাদক কুনাল ঘোষ আজ সাংবাদিকদের বলেন – ওই এলাকায় এখন রাজনৈতিক নেতাদের যাওয়া উচিত নয়, কিন্তু তা সত্ত্বেও বিজেপি সহ অন্য বিরোধী দলের নেতারা সেখানে যাচ্ছেন। এরাজ্যে গণতান্ত্রিক পরিবেশ রয়েছে বলেই তা সম্ভব হচ্ছে। মুখ্যমন্ত্রীর মুর্শিদাবাদ না যাওয়া নিয়ে বিরোধীদের কটাক্ষের উত্তরে কুনালবাবু বলেন, তিনি জানেন কখন – কোথায় যেতে হবে।

ooooooooooooooooo

মুর্শিদাবাদের হিংসা কবলিত প্রত্যেকটি থানা এলাকায় সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধি, সমাজের বিশিষ্ট মানুষ ও প্রয়োজনে সর্ব ধর্মের প্রতিনিধিদের নিয়ে শান্তি কমিটি গঠনেরও দাবি জানিয়েছে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আজ এক সাংবাদিক বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন, শাসক দল

তৃণমূল কংগ্রেস ও BJP র প্রতিনিধিদের নিয়ে সেখানে প্রশাসনের তরফ থেকে শান্তি বৈঠক করা হলেও সেখানে কংগ্রেসের কোনও প্রতিনিধিকে ডাকা হয় নি।

শুভংকর বাবু বলেন, মালদা দক্ষিণের কংগ্রেস সাংসদ ইশা খান চৌধুরী সেখানে ক্ষতিগ্রস্থদের পাশে দাড়িয়ে ছেন। অথচ মুখ্যমন্ত্রী বলছেন কংগ্রেস সাংসদ সেখানে গিয়ে ক্ষতিগ্রস্থদের পাশে দাড়ান নি। এই অভিযোগের কোনও সারবত্তা নেই।

০০০০০০০০০০০০০০০০০

সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে মুর্শিদাবাদের বিভিন্ন এলাকায় হিংসাত্মক ঘটনায় জড়িত থাকার অভিযোগে ওড়িশার ঝাড়শুগুদা থেকে ৬ জনকে আটক করা হয়েছে। এদের জঙ্গিপুরে নিয়ে আসা হচ্ছে। ঘটনার পর থেকে এরা ওড়িশায় আত্মগোপন করেছিল বলে সি আই ডি সূত্রে জানা গেছে। ধৃতরা সামশেরগঞ্জ , জাফরাবাদ, বেতবোনা সহ মুর্শিদাবাদের বিভিন্ন গ্রামে অগ্নি সংযোগ ও হিংসাত্মক ঘটনায় জড়িত ছিল। বাবা – ছেলে, হরগোবিন্দ ও চন্দন দাসের খুনের ঘটনাতেও এরা জড়িত ছিল কিনা, তাও খতিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, ওয়াকফ বিরোধী আন্দোলনে মুর্শিদাবাদে ধারাবাহিক হিংসা ও অশান্তির ঘটনায় ওই জেলায় ৬০টি বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে প্রাথমিক রিপোর্টে প্রকাশ। রাজ্য সরকারের নির্দেশের পরেই জেলা প্রশাসনের তরফে ওই জেলার ক্ষয়ক্ষতি সমীক্ষা করা হয়। এছাড়াও বেশ কিছু বাড়ি, দোকান আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে বলে রিপোর্টে উঠে এসেছে। বেশকিছু এলাকায় দোকানের মালপত্র লুট করা হয়েছে। গরু, ছাগল, হাঁস, মুরগির মত গৃহপালিত পশু চুরি করা হয়েছে l জঙ্গিপুর, সুতি, ফারাক্কা, ধুলিয়ান,সামশেরগঞ্জ এলাকায় ক্ষতির পরিমাণ বেশি বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

দীঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধনের দিন কাঁথিতে সনাতনী হিন্দুদের নিয়ে সভা করার অনুমতি চেয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কলকাতা হাইকোর্টের দ্বারস্থ

হয়েছেন। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, আজ সকালে জরুরী ভিত্তিতে মামলা দায়েরের অনুমতি দেন। তবে, সময় অভাবে আজ এর শুনানি হয়নি। আগামীকাল বিকেল চারটেয় আবার শুনানি।

এদিকে, অধিকারীর পক্ষে আইনজীবী আদালতে জানান, অক্ষয়তৃতীয়ায় হোম-যজ্ঞ করতে চায় সনাতনীরা। কাঁথির যে মাঠে তাদের জমায়েতের কর্মসূচী রয়েছে, জগন্নাথ মন্দিরের উদ্বোধন স্থল থেকে তা প্রায় ৩৫ কিলোমিটার দূরে। পুলিশের এই অনুষ্ঠানে বাধা দেওয়ার কোন অধিকারই নেই। ভারতীয় সংবিধান অনুযায়ী তা মৌলিক অধিকারের হস্তক্ষেপ।

উল্লেখ্য, আগামী ৩০-শে এপ্রিল দীঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

oooooooooooooooo

নিরবচ্ছিন্ন বিদ্যুত্ পরিষেবা দিতে রাজ্য সরকার আগামী কয়েক বছরের মধ্যে ১৮ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নিয়েছে। এজন্য ৪৮ হাজার কোটি টাকা খরচ করা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

তিনি আজ পশ্চিম মেদিনীপুরের শালবনীতে জিন্দাল শিল্প গোষ্ঠীর ৮০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি পরিবেশ বান্ধব তাপ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং দু হাজার একর জমির ওপর একটি শিল্পতালুকের শিলান্যাস করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, শালবনী বিদ্যুৎ কেন্দ্র দুটি তৈরি হলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ১৫ হাজার মানুষের কর্মসংস্থান হবে। এখানকার উৎপাদিত বিদ্যুৎ রাজ্য কিনে নেবে। এব্যাপারে ২৫ বছরের জন্য জিন্দাল শিল্পগোষ্ঠীর সঙ্গে রাজ্য সরকারের চুক্তি হয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

উল্লেখ্য এই প্রকল্পের খরচ ধরা হয়েছে ১৬ হাজার কোটি টাকা। জিন্দাল গোষ্ঠী তা বহন করবে।

মুখ্যমন্ত্রী আজ সার্কিট হাউসে রাত্রিবাস করবেন। আগামীকাল তিনি মেদিনীপুর কলেজ মাঠে সরকারী অনুষ্ঠানের মঞ্চ থেকে গোয়ালতোড়ে সৌরবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস ও কিছু সামাজিক সুরক্ষা প্রকল্পের শিলান্যাস করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সিভি আনন্দ বোস অসুস্থ। সকালে নিয়ম মাফিক স্বাস্থ্য পরীক্ষার জন্য তিনি আলিপুরের কমান্ড হাসপাতালে যান। সেখানে চিকিৎসকেরা তাঁকে পরীক্ষা করার সময় কিছু সমস্যা ধরা পড়ে। তারপরেই জরুরি ভিত্তিতে রাজ্যপালকে ওই হাসপাতালে ভর্তি করা হয়।

পরে রাজভবনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, সাম্প্রতিককালে মুর্শিদাবাদে ব্যস্ত সফরের পর রাজ্যপাল কাঁধে হালকা ব্যথা অনুভব করেন। তারপরে আজ হাসপাতালে গেলে চিকিৎসায় তার ব্যথা অনেকটাই প্রশমিত হয়েছে। তবে চিকিৎসকরা রাজ্যপাল কে বিশ্রাম করার পরামর্শ দিয়েছেন। একদিনের জন্য তাকে পর্যবেক্ষণে রাখা হয়েছে ।

এদিকে রাজ্যপালের অসুস্থতার খবর পেয়ে তড়িঘড়ি তাঁকে দেখে আসেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। মুখ্য সচিবকে রাজ্যপালের চিকিৎসা সংক্রান্ত বিষয়টি দেখভাল করার তিনি নির্দেশ দিয়েছেন।

বিজেপি রাজ্যপালের দ্রুত আরোগ্য কামনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, রাজ্যপালের শারীরিক অবস্থার আকস্মিক অবনতির খবর পেয়ে প্রতিটি রাজ্যবাসীর মতো তিনিও উদ্বিগ্ন। শ্রী মজুমদার তার দ্রুত সুস্থতা কামনা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাওড়ার ডোমজুড়ে ওএনজিসির একটি কারখানা ও তার লাগোয়া গুদামে আজ আগুন লেগেছে। রাসায়নিক ও তেলের পাশাপাশি প্রচুর পরিমাণে দাহ্য পদার্থ্য মজুত থাকায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। আগুনে ভষ্মীভূত বাইরের উলুঘাষ। দমকলের ১৫-টি

গাড়ি  বাইরে থেকে আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে। এখনও দমকলকর্মীরা ভিতরে ঢুকতে পারেননি।

জল না থাকায় আগুন নেভানোর কাজে অসুবিধা হচ্ছে বলে দমকল সূত্রে জানা গেছে। হতাহতের কোন খবর নেই। ক্ষয়ক্ষতির বিস্তারিত এখনও জানা যায়নি। নিরাপত্তার স্বার্থে এলাকাটি ফাঁকা করে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

ইডেনে আজ আইপিএল ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স , গুজরাট টাইটানস এর মুখোমুখি। টসে জিতে নাইট রাইডার্স, গুজরাতকে ব্যাট করতে পাঠিয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে গুজরাত ৫ ওভারে বিনা উইকেটে ৩৮ রান করেছে।

নাইট রাইডার্স দলে একটি পরিবর্তন হয়েছে। কুইন্টক ডি কক এর পরিবর্তে রহমানুল্লাহ গুরবাজ প্রথম একাদশে স্থান পেয়েছেন।

কেকেআরের স্পিন বোলিং কোচ কার্ল ক্রো ইডেনে দল ফের জয়ে ফিরবে বলে আশা ব্যক্ত করেছেন ।

উল্লেখ্য, দুই দলই সাতটি করে ম্যাচ খেলেছে। গুজরাট পাঁচটিতে জিতে ১০ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় শীর্ষে রয়েছে। অন্যদিকে কেকেআর সমসংখ্যক ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে সপ্তম স্থানে আছে।

ooooooooooooooooooo

oooooooooooooooooooooo